



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



নবীন বরণ, বিদায় এবং রাজ্জাক-শামসুন এওয়ার্ড বিতরণ অনুষ্ঠিত



৫ মার্চ ২০২৪-মঙ্গলবার পদার্থবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে স্নাতক পর্যায়ের ১৭তম ব্যাচ ও ১৮তম ব্যাচের নবীন বরণ, স্নাতকোত্তর পর্যায়ের ১১তম ব্যাচ ও ১২তম ব্যাচের বিদায় এবং রাজ্জাক-শামসুন এওয়ার্ড বিতরণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।

পদার্থবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ নূরে আলম আব্দুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শাহজাহান এবং ট্রাস্টি পরিবারের সদস্য ব্যারিস্টার মোঃ সারওয়ার জাহান উপস্থিত ছিলেন।



উল্লেখ্য প্রতিবছরের মতো ধারাবাহিকভাবে 'রাজজাক-শামসুন ট্রাস্টি বোর্ড' এর মাধ্যমে পদার্থবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রতি শিক্ষাবর্ষের দুইজন শিক্ষার্থীকে আর্থিক পুরস্কার ও সনদ প্রদান করা হয়।

অনুষ্ঠানটির আয়োজক কমিটির আহবায়ক হিসেবে স্বাগত বক্তব্য প্রদান করেন অধ্যাপক ড. মোঃ কুতুব উদ্দিন। এসময় পদার্থবিজ্ঞান বিভাগের শিক্ষক-শিক্ষিকা এবং নবীন ও বিদায়ী শিক্ষার্থীবৃন্দ সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।